

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৬.০০৪.১১-১৪৫।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন), এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ২৮ অক্টোবর, ২০১৬ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য উক্ত আইনের নবম অধ্যায়ের ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ এর বিধানাবলী মানিয়া চলা হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলী

- (ক) কোন শ্রমিক উক্ত আইন এর ধারা ১০৩ (ক) অনুসারে প্রাপ্য সাপ্তাহিক ছুটি ভোগ না করিয়া থাকিলে তৎপরিবর্তে তাহাকে উল্লিখিত মেয়াদ শেষ হইবার পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে ক্ষতিপূরণমূলক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- (খ) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- (গ) উল্লিখিত মেয়াদের অতিরিক্ত সময়ের কাজের জন্য প্রত্যেক শ্রমিককে সাধারণ হারের দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে;
- (ঘ) কোন শ্রমিককে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।

(১৯৫৩)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

ক্রমিক নং	চিনিকলের নাম	জেলা
(১)	পঞ্চগড় চিনিকল লিমিটেড	পঞ্চগড়
(২)	ঠাকুরগাঁও চিনিকল লিমিটেড	ঠাকুরগাঁও
(৩)	সেতাবগঞ্জ চিনিকল লিমিটেড	দিনাজপুর
(৪)	শ্যামপুর চিনিকল লিমিটেড	রংপুর
(৫)	রংপুর চিনিকল লিমিটেড	গাইবান্ধা
(৬)	জয়পুরহাট চিনিকল লিমিটেড	জয়পুরহাট
(৭)	নাটোর চিনিকল লিমিটেড	নাটোর
(৮)	নর্থবেঙ্গল চিনিকল লিমিটেড	নাটোর
(৯)	রাজশাহী চিনিকল লিমিটেড	রাজশাহী
(১০)	পাবনা চিনিকল লিমিটেড	পাবনা
(১১)	কুষ্টিয়া চিনিকল লিমিটেড	কুষ্টিয়া
(১২)	মোবারকগঞ্জ চিনিকল লিমিটেড	ঝিনাইদহ
(১৩)	কেরু এন্ড কোম্পানী (বিডি) লিমিটেড	চুয়াডাঙ্গা
(১৪)	ফরিদপুর চিনিকল লিমিটেড	ফরিদপুর
(১৫)	জিলবাংলা চিনিকল লিমিটেড	জামালপুর

২। ইহা ১৩ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৮ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd